অতি জরুরী
শ্রমিক অগ্রাধিকার

**চা-বাগান শ্রমিক ভবিষ্য তহবিল কার্যালয়**
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় অধিভুক্ত**
**পিএফ ভবন, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।**
E-mail:csbt.bd@gmail.com

স্মারক নং-সিএসবিটি/শ্রী:/মৌ:/অনাদায়ী/১৫৭/২০২১/৯১৯৪ তারিখ: ০৩/০৩/২০২১ খ্রি.

## পরিপত্র

**বিষয়: বকেয়া বর্ধিত মজুরীর উপর পিএফ চাঁদা, প্রশাসনিক চার্জের অর্থ পরিশোধ প্রসঙ্গ।**

সূত্র: ১। বাংলাদেশীয় চা সংসদ ও চা শ্রমিক ইউনিয়ন এর মধ্যকার গত ২৫/০২/২০২১ খ্রি. তারিখ সম্পাদিত দ্বি-পাক্ষিক চুক্তি।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত দ্বি-পাক্ষিক চুক্তি মোতাবেক চা বাগান শ্রমিকদের বর্ধিত মজুরী টা: ১২০/- (একশত বিশ) গত ০১/০১/২০১৯ খ্রি. তারিখ হতে কার্যকর করা হয়েছে। গত ০১/০১/২০১৯ খ্রি. তারিখ হতে ১৮/১০/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত সময়ের চা শ্রমিকদের বর্ধিত বকেয়া মজুরী ০৪ (চার) টি কিস্তিতে সংশ্লিষ্ট চা বাগান সমূহ কর্তৃক পরিশোধ করা হবে মর্মে দ্বি-পাক্ষিক চুক্তিতে উল্লেখ রয়েছে। শ্রম আইন ও বিধির আলোকে চা শ্রমিকদের প্রদেয় বকেয়া মজুরীর উপর ৭.৫% হিসেবে কর্তনকৃত পিএফ চাঁদা, সমপরিমাণ মালিকপক্ষের অংশ ও ৫% প্রশাসনিক চার্জের অর্থ চা-বাগান শ্রমিক ভবিষ্য তহবিল কার্যালয়ে তাৎক্ষনিকভাবে জমা করতে হবে।

০২। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২৮ মোতাবেক অবসরগ্রহণের বয়স ৬০ (ষাট) বছর। এছাড়াও সূত্রস্থ চুক্তিতে শ্রমিকদের অবসর গ্রহণের বয়স ৬০ উল্লেখ রয়েছে। ৬০ বছরের বেশী বয়সের যে সকল পিএফ সদস্যভুক্ত শ্রমিক এখনও বাগানে কর্মরত রয়েছেন তাঁদের পিএফ অর্থ উত্তোলনের আবেদন মার্চ ২০২১ এর মধ্যে প্রেরণ করতে হবে। তাছাড়া আইনগত বাধ্যবাধকতার করণে ৬০ বছরের উর্দ্ধে কোন শ্রমিকের পিএফ কর্তন করা যাবে না।

০৩। পিএফ অর্থ পরিশোধ ও এতদসংক্রান্ত কাজের স্বচ্ছতা বিধানের জন্য বাগান ব্যবস্থাপকদের নমুনা স্বাক্ষর সংরক্ষণ করা প্রয়োজন। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বাগান ব্যবস্থাপকের নমুনা স্বাক্ষর আগামী ১৫ ই মার্চ ২০২১ এর মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৪। পিএফ অর্থ জমা করার সাথে সাথে আমাদের কার্যালয় বরাবর "বি" ফরম প্রেরণ করতে হবে। তাছাড়া অর্থ সনাক্তের প্রয়োজনে জমা রশিদের কপি ই-মেইলের মাধ্যমে তাৎক্ষনিকভাবে পাঠাতে হবে।

০৫। বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ২৯৩(৬) মোতাবেক চা বাগান শ্রমিক ভবিষ্য তহবিল কার্যালয় হতে অবসরপ্রাপ্তদের পরিশোধিত অর্থ বাগান কর্তৃপক্ষ প্রাপককে পরিশোধ করে পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে প্রাপকের প্রাপ্তি স্বীকারপত্র নিয়ন্ত্রকের নিকট প্রেরণ নিশ্চিত করার বিষয়টি বাধ্যতামূলক হিসেবে বিবেচনা করতে হবে।

০৬। এমতাবস্থায়, বর্ণিত বিষয়সমূহে আপনার কার্যালয়ের দ্রুত ও কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৩.০৩.২১

(শেখ কামরুল হাসান)
নিয়ন্ত্রক (উপসচিব)
ফোন নং: ০৮৬২৬-৭১৪৩০।

স্মারক নং-সিএসবিটি/শ্রী:/মৌ:/অনাদায়ী/১৫৭/২০২১/৯১৯৪(১৫৯) তারিখ: ০৩/০৩/২০২১ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। চেয়ারম্যান, চা-বাগান শ্রমিক ভবিষ্য তহবিল ট্রাস্টি বোর্ড ও মহাপরিচালক , শ্রম অধিদপ্তর, ঢাকা।
২। চেয়ারম্যান, বাংলাদেশীয় চা সংসদ, হাউজ নং ৪৬০ (৬ষ্ঠ তলা), রোড নং ৩১, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬।
৩-১৫৬। ব্যবস্থাপক, ...................... চা বাগান, পো: .........................., জেলা:............................।
১৫৭। সভাপতি, বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়ন, লেবার হাউস, শ্রীমঙ্গল।
১৫৮। সভাপতি, .........................চা বাগান পঞ্চায়েত কমিটি।
১৫৯। অফিস নথি।

০৩.০৩.২১

(শেখ কামরুল হাসান)
নিয়ন্ত্রক (উপসচিব)।

০৩/৩/২১